

পোর্টফোলিও ওয়েবসাইট তৈরির সম্পূর্ণ গাইডলাইন

এই প্রজেক্টের মাধ্যমে তুমি নিজের একটি সুন্দর ও প্রফেশনাল “Personal Portfolio Website” তৈরি করবে।

এমন একটি ওয়েবসাইট, যেটা দেখলে মানুষ বুঝবে তুমি একজন দক্ষ ওয়েব ডিজাইনার বা ডেভেলপার — এবং তোমার কাজের প্রতি তোমার ভালোবাসা ও দক্ষতা আছে।

ওয়েবসাইটে মোট ৮টি পেজ থাকবে

1.  Home Page
2.  About Page
3.  Portfolio / Projects Page
4.  Services Page
5.  Contact Page
6.  Privacy Policy
7.  Terms & Conditions
8.  Disclaimer

১. Home Page (হোম পেজ)

এটা তোমার ওয়েবসাইটের প্রথম ও সবচেয়ে গুরুত্বপূর্ণ পেজ। এই পেজে মানুষ প্রথমে তোমাকে চিনবে এবং তোমার কাজের একটা ধারণা পাবে।

যেভাবে তৈরি করবে:

1. Header Section (Menu + Logo):

- উপরে তোমার নাম বা লোগো থাকবে
- ডান পাশে মেনু রাখো — Home, About, Portfolio, Services, Contact

2. Hero Section (প্রথম বড় ব্যানার):

- তোমার নাম ও পেশা লিখো (যেমন — “Hi, I’m Asif Ali — A WordPress Web Developer”)
- নিচে ১টা ছোট বাক্য দাও, যা বলে তুমি কী করো (যেমন — “I design fast, modern and responsive websites using Elementor.”)
- একটি বাটন রাখো (যেমন — “View My Work” বা “Hire Me”)

3. Short About Section:

- নিজের ছোট পরিচিতি (২-৩ লাইনে)
- একটি ছোট ছবি যুক্ত করো
- “Read More” বাটন রাখো যা About Page এ যাবে

4. My Services (তুমি কী কী কাজ করো):

- তিনটি সার্ভিস কার্ড বানাও
- যেমন:
 - Web Design
 - Landing Page Design
 - Website Redesign
- প্রতিটিতে আইকন, ছোট বিবরণ ও “View Details” বাটন রাখো

5. Featured Projects:

- ৩-৪টি প্রজেক্টের ছবি ও নাম দেখাও
- প্রতিটি প্রজেক্টে ক্লিক করলে Portfolio Page এ যাবে

6. Testimonials / Feedback:

- যদি আগের কোনো ক্লায়েন্ট বা সহপাঠীর প্রশংসা থাকে, তা ছোট করে লিখো
- যেমন: "Asif built our site beautifully and delivered on time."

7. Final Call to Action (CTA):

- শেষে লিখো "Ready to work with me?"
- নিচে "Contact Me" বাটন রাখো



২. About Page (নিজের পরিচয় পেজ)

এই পেজে মানুষ তোমার সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।

যেভাবে তৈরি করবে:

1. উপরে নিজের নাম ও একটি ছোট tagline রাখো (যেমন — "Turning Ideas into Beautiful Websites").

2. নিজের সম্পর্কে বিস্তারিত লেখো —

- তুমি কোথা থেকে এসেছো
- কিভাবে ওয়েব ডেভেলপমেন্ট শুরু করেছিলে
- এখন কী কাজ করছো
- তোমার লক্ষ্য কী

3. Skill Section:

- তোমার জানা টুল ও টেকনোলজিগুলো দেখাও
- যেমন: WordPress, Elementor, PhotoShop, Canva, Figma, WooCommerce ইত্যাদি
- Progress bar বা আইকন আকারে সাজাতে পারো

4. Work Experience / Education Section:

- যদি কোনো কাজ করে থাকো বা প্রজেক্ট সম্পন্ন করো, সেটা বছরসহ লিখো

5. CTA Section:

- "Hire Me" বা "Contact for Collaboration" বাটন রাখো

6. Resume Download (ঐচ্ছিক):

- তোমার PDF Resume আপলোড করে "Download Resume" বাটন রাখো



৩. Portfolio Page (তোমার কাজের পেজ)

এই পেজে তোমার করা কাজগুলো সুন্দরভাবে সাজিয়ে দেখাতে হবে।

যেভাবে তৈরি করবে:

1. উপরে লিখো: "My Latest Projects"

2. নিচে ৬টা প্রজেক্ট রাখো (যদি না থাকে তাহলে ডেমো প্রজেক্ট)

3. প্রতিটি প্রজেক্টে থাকবে:

- প্রজেক্টের ছবি
- নাম
- সংক্ষিপ্ত বর্ণনা
- "View Project" বাটন

4. চাইলে একটি প্রজেক্ট বিস্তারিতভাবে Case Study আকারে দেখাতে পারো:

- সমস্যা → তুমি কীভাবে সমাধান করেছো → ফলাফল

5. পেজের শেষে একটি CTA রাখো: "Want a website like this? Contact Me Now!"

8. Services Page (তুমি কী সার্ভিস দাও)

এই পেজে তুমি তোমার সার্ভিসগুলো স্পষ্টভাবে ব্যাখ্যা করবে।

যেভাবে তৈরি করবে:

- উপরে লিখো: “What I Do”
- নিচে ৩ থেকে ৫টি সার্ভিস ব্লক রাখো।
- প্রতিটি সার্ভিসে থাকবে:
 - সার্ভিসের নাম
 - ছোট বিবরণ
 - আইকন বা ছবি
 - “Get Quote” বাটন
- Work Process Section:
 - ৫ ধাপের মতো স্টেপ রাখো:
 - Discussion → Planning → Design → Development → Launch
- FAQ Section:
 - সাধারণ প্রশ্নগুলো লিখো (যেমন — “কাজ শেষ করতে কত দিন লাগে?” “কোন সফটওয়্যার ব্যবহার করো?”)

৫. Contact Page (যোগাযোগ পেজ)

এটা ভিজিটরদের তোমার সাথে যোগাযোগ করার জায়গা।

যেভাবে তৈরি করবে:

- একটি সুন্দর Contact Form রাখো (নাম, ইমেইল, মেসেজ)
- ফর্ম সাবমিট করলে যেন ইমেইল আসে
- পাশে বা নিচে দাও:
 - ইমেইল ঠিকানা
 - ফোন নম্বর (ঐচ্ছিক)
 - সোশ্যাল মিডিয়া লিঙ্ক
 - Google Map (যদি দিতে চাও)
- ফর্ম সাবমিটের পর যেন “Thank You” মেসেজ বা আলাদা পেজে রিডিরেক্ট হয়

৬. Privacy Policy Page

এই পেজে লিখো —

তুমি কিভাবে ইউজারদের তথ্য ব্যবহার করো।

উদাহরণ টেক্সট:

“এই ওয়েবসাইটে দেওয়া নাম বা ইমেইল শুধুমাত্র যোগাযোগের জন্য ব্যবহার করা হয়। কোনো তথ্য তৃতীয় পক্ষের সাথে শেয়ার করা হয় না।”

৭. Terms & Conditions Page

এই পেজে থাকবে ওয়েবসাইট ব্যবহারের নিয়ম এবং দায়বদ্ধতার কথা।

উদাহরণ টেক্সট:

“এই ওয়েবসাইটের সব তথ্য শুধুমাত্র শেখার উদ্দেশ্যে দেওয়া। কোনো তথ্য অনুমতি ছাড়া কপি করা যাবে না।”

❌ ৮. Disclaimer Page

এই পেজে সহজভাবে লিখো —

“এই ওয়েবসাইটে দেওয়া সব তথ্য শিক্ষার উদ্দেশ্যে ব্যবহৃত হয়। ফলাফল ব্যক্তি ভেদে ভিন্ন হতে পারে।”

লিংক জমা দেওয়ার শেষ তারিখ -27.09.2026 সন্ধ্যা 6 টা

গুরুত্বপূর্ণ উপদেশ যেগুলো মেনে চললে আপনি সুন্দর এবং সহজে আপনার ওয়েবসাইট তৈরি করতে পারবেন এবং পরীক্ষায় ভালো নম্বর পাবেন।

🌐 কিভাবে একজন ডেভেলপারের ওয়েবসাইটকে সুন্দর ও ফানেল-বেসড করা যায় এই গাইডলাইনটি তোমাদের জন্য —
যাতে তোমরা এমন একটা ওয়েবসাইট তৈরি করতে পারো যা দেখে ক্লায়েন্ট বিশ্বাস করবে

“এই ডেভেলপার সত্যিই প্রফেশনাল।”

📌 ১. ওয়েবসাইটের পরিষ্কার পথ (Funnel) বানাও

তোমার ওয়েবসাইটে ভিজিটর যেন পথ হারিয়ে না ফেলে।

তাই সাজাও এইভাবে 📌

Home → Services → Portfolio → Contact Form → Thank You Page

👉 প্রতিটি পেজে একটা বোতাম (Button) রাখো, যেমন — Hire Me বা Contact Now

এটাই ভিজিটরকে ক্লায়েন্টে পরিণত করে।

💬 ২. নিজের পরিচয় স্পষ্টভাবে লিখো

Home পেজেই লিখো তুমি কে এবং কী করো।

উদাহরণ:

“Hi, I’m Asif. I build modern and fast WordPress websites for small businesses.”

👉 এতে ভিজিটর সাথে সাথেই বুঝবে তুমি কী কাজ করো।

👛 ৩. নিজের কাজ (Portfolio) সুন্দরভাবে দেখাও ৩ থেকে ৫টা প্রজেক্টের ছবি দাও।

প্রতিটি প্রজেক্টে ছোট করে লেখো —

- কী কাজ করেছিলে
- কোন টুল ব্যবহার করেছিলে
- ফলাফল কী হয়েছে
- 👉 এতে ক্লায়েন্ট বুঝবে তুমি কাজ জানো এবং সিরিয়াস।

🏠 ৪. নিজের হাসিমুখের ছবি দাও

Home বা About পেজে একটা ভালো মানের, হাসিমুখের ছবি দাও।

👉 এতে মানুষ মনে করবে “ওনার সাথে কথা বলা যাবে” — এতে বিশ্বাস বাড়ে।

🎨 ৫. সাইটের রঙ (Color Style) ঠিক রাখো

অতিরিক্ত রঙ ব্যবহার করো না।

সাদা ব্যাকগ্রাউন্ডে হালকা ও চোখে আরামদায়ক রঙ রাখো 👉

ব্যবহারের ধরন

মূল রঙ ----- Navy Blue / Royal Blue, সেকেন্ডারি রঙ ----- Sky Blue / Teal
ব্যাকগ্রাউন্ড ----- White / Light Gray, বাটন বা CTA ----- Orange / Green

👉 এই রঙগুলো পেশাদার দেখায় এবং চোখে আরাম দেয়।

📝 ৬. লেখা (Content) ছোট, সহজ ও পয়েন্ট আকারে রাখো লম্বা বাক্য ব্যবহার করো না।

যেমন লিখো 👉

“Fast Loading”, “Mobile Friendly”, “Easy to Manage”, “Affordable”

👉 এতে মানুষ সহজে পড়ে বুঝতে পারবে।

✂️ ৭. বোতাম (Button) চোখে পড়ার মতো করো

তোমার বাটন যেন চোখে পড়ে।

প্রতিটি পেজে একটি বোতাম রাখো 👉

- Home: View My Work
- Services: Get a Quote
- Portfolio: Work With Me
- Contact: Send Message

👉 এতে মানুষ সহজেই বুঝবে কী করতে হবে।

💬 ৮. রিভিউ বা প্রশংসা (Testimonial) যোগ করো

যদি কারও কাছ থেকে ভালো ফিডব্যাক পাও, সেটা যোগ করো 👉

“He built my website beautifully and on time.”

👉 এতে নতুন ক্লায়েন্ট তোমার উপর বিশ্বাস করবে।

⚙️ ৯. ওয়েবসাইট যেন দ্রুত ও মোবাইল ফ্রেন্ডলি হয়

তোমার সাইট ধীর হলে কেউ পছন্দ করবে না।

তাই 👉

- ছবি ছোট করে ব্যবহার করো
- মোবাইলে সব ঠিকমতো দেখা যায় কি না চেক করো
- সাইটে SSL (https) রাখো
- 👉 এতে ক্লায়েন্ট বুঝবে তুমি টেকনিক্যালি ভালো জানো।

👤 10. নিজের তথ্য পরিষ্কারভাবে দাও

About পেজে নিজের নাম, কাজের ধরন, লক্ষ্য লিখো।

Footer অংশে রাখো 👉

- ইমেইল ঠিকানা
- সোশ্যাল লিংক
- “© তোমার নাম – All rights reserved.”

শেষ কথা:

তোমার ওয়েবসাইটকে শুধু “সুন্দর” না, “সহজ, পরিষ্কার, আর বিশ্বাসযোগ্য” বানাও।

যখন মানুষ তোমার সাইটে এসে সহজে বুঝতে পারবে — “এই ডেভেলপার আমার কাজটা বুঝবে”,

তখনই তুমি জিতে গেছো ❤️